

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.৪২০০.০০০.১৪.১০৭.১৫.

১৭৬০

তারিখঃ ০১ শ্রাবণ ১৪২৩
১৬ জুলাই ২০১৬

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে ঝালকাঠি জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ ঝালকাঠি জেলা পরিষদের স্মারক নং- বাঃজেঃপঃ ০৩-০১/২০১৬-৪৫৯, তারিখঃ ৯/৬/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ১৯৮.০০ লক্ষ (এক কোটি আটানব্বই লক্ষ) টাকায় গৃহীত ৭৭টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নারায়ণগঞ্জ কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যায়ন গ্রহণ করতে হবে;
- ৩) পিপিআর ২০০৮ এর এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৪) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৫) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে জেলা পরিষদ ঝালকাঠি এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত কথাটি লিখে ফলক লাগাতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।


১৬/৭/১৬
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঝালকাঠি।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, বরিশাল।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, ঝালকাঠি।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।